গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ এলজিইডি'র ইনোভেশন টিম-এর মার্চ, ২০২৪ মাসের সভার কার্যবিবরনী।

সভাপতি	মোঃ জসিম উদ্দিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)
সভার তারিখ	০৫.০৩.২০২৪
সভার সময়	বিকাল ০৩:০০ ঘটিকা
স্থান	সেমিনার কক্ষ, লেভেল-০৪, এলজিইডি ভবন, ঢাকা।
উপস্থিতি	এলজিইডি'র ইনোভেশন টিম, ইনোভেশন সাব-টিম, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটির সদস্যবৃন্দ।

২০২৩-২৪ অর্থবছরে এলজিইডিতে গৃহীত ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত এলজিইডি'র ইনোভেশন টিম-এর ৫ম সভা বিগত ০৫/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জনাব মোঃ জসিম উদ্দিন। সভার শুরুতে এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার স্বাগত বক্তব্য প্রদান করেন। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ মাহবুব আলম সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

এজেন্ডা - ০১: এলজিইডি'র ইনোভেশন টিম-এর ডিসেম্বর -২০২৩ মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:

এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে জানান যে , ইনোভেশন টিম-এর বিগত ডিসেম্বর -২০২৩ মাসের সভায় ০৫টি সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী কতখানি কাজ বাস্তবায়ন করা হয়েছে এই ব্যাপারে গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল ইনোভেশন টিমের পক্ষ থেকে তাদের উপস্থাপনা প্রদান করবে।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব ও নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) মোঃ মাহবুব আলম বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন এবং সেই আলোকে সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব

০১।	‘এলজিইডির কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন ও আনুতোষিক মঞ্জুর’ বিষয়ক সেবাটি সহজিকরণ এবং অনলাইন ভিত্তিক সেবা চালুকরণের লক্ষ্যে গৃহীত ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করার নিমিত্ত গঠিত ইনোভেশন সাব-কমিটি কাজ করছে এবং ইতোমধ্যে LGED PMIS system এ পেনশন ও আনুতোষিক মঞ্জুরের জন্য আবেদনের ধাপ সমূহ অন্তর্ভুক্ত করে আবেদন প্রক্রিয়া অফলাইন থেকে অনলাইন ভিত্তিক করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে, ইনোভেশন সাব-কমিটি পেনশন ও আনুতোষিক মঞ্জুরের জন্য আবেদনের ধাপ সমূহ LGED PMIS system এ কিভাবে পূরণ করতে হবে এবং ডাটা entry ও edit করতে হবে সেটা দেখান। এছাড়া ইনোভেশন সাব-কমিটি আরো জানায় যে, LGED PMIS system এ এখনো সকলেই তথ্য নিয়মিত হালনাগাদ করে না বিধায় পেনশন ও আনুতোষিক আবেদনের জন্য প্রয়োজনীয় সকল তথ্য এখনো PMIS system না থাকায় PMIS system এর মাধ্যমে পেনশন ও আনুতোষিক আবেদনের ক্ষেত্রে কিছু তথ্য PMIS system থেকে এবং কিছু তথ্য manually entry করার ব্যবস্থা রাখা হয়েছে। পেনশন আবেদন প্রক্রিয়া যেহেতু ডিপার্টমেন্টাল সার্ভিসের অংশ তাই এলজিইডি তাঁদের পেনশন প্রত্যাশী কর্মকর্তা-কর্মচারীদের পেনশন আবেদন প্রক্রিয়া সহজিকরণের জন্য LGED PMIS system এ অন্তর্ভুক্ত করার চেষ্টা করছে। এখন এই system টা পাইলোটিং করার ব্যাপারে সভায় উপস্থিত সদস্যবৃন্দ মতামত দেন, এছাড়া মাঠ পর্যায়ে এই প্রক্রিয়া অনুসরণ করার জন্য Government Order (GO) জারি করতে হবে এবং প্রতিটি জেলায় কল্যাণ কর্মকর্তা নিযুক্ত করতে হবে এবং ১৬-০৩-২০২৪ তারিখের মধ্যে GO জারি করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম, আইসিটি ইউনিট ও প্রশাসন ইউনিট
০২।	ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের নিমিত্ত এলজিইডি’র প্রশিক্ষণ ইউনিটের সাথে আলাপ করা হয়েছে। তারা জানিয়েছে যে, ২০২৩-২৪ অর্থবছরে ট্রেনিং ক্যালেন্ডারে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০২টি কর্মশালার মধ্যে ১ম কর্মশালাটি আগামী ১০-০৩-২০২৪ তারিখে আয়োজনের জন্য ব্যবস্থা নেয়া হচ্ছে এবং পরের কর্মশালাটি আগামী ২০-০৩-২০২৪ তারিখে করার ব্যাপারে উদ্যোগ নেয়া হচ্ছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত গঠিত কমিটির সদস্যবৃন্দ মতামত দেন যে, ১ম কর্মশালাটি খসড়া কর্মপরিকল্পনা নিয়ে ব্রেইন স্টর্মিং ও বিষদ আলোচনা করার জন্য প্রত্যেক ইউনিট ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে ছোট ছোট ওয়ার্কিং গ্রুপে ভাগ করে আলোচনার মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা যেতে পারে, পরবর্তীতে ২য় কর্মশালার মাধ্যমে প্রণীত খসড়া কর্মপরিকল্পনাটি ভেটিং করে চূড়ান্ত করা যেতে পারে। মিটিং এর সকল সদস্য একমত পোষণ করেন এবং সে মোতাবেক ট্রেনিং ইউনিটকে নির্দেশনা দেয়ার ব্যাপারে মতামত দেন।	ইনোভেশন টিম, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত গঠিত কমিটি ও ট্রেনিং ইউনিট।
০৩।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, এলজিইডি ভবনের ৪র্থ তলায় কনফারেন্স রুমের পাশের ফাঁকা জায়গায় ইনোভেশোন শোকেসিং এর জন্য ব্যবহার করার ব্যাপারে প্রধান প্রকৌশলী মহোদয় নির্দেশনা দিয়েছেন। ইনোভেশন অফিসার ইনোভেশোন শোকেসিং এর আয়োজনের জন্য জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের দিয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করে দেন: ক. জনাব ফাতেমা ইসমত আরা- সিনিয়র সহকারী প্রকৌশলী (ক্রিলিক) খ. জনাব ফারহানা লিমা- সিনিয়র সহকারী প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) গ. জনাব মোঃ রকিবুল হাসান- সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) ঘ. জনাব তানভীর রশীদ - সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) ঙ. জনাব তানজিলা ইসলাম- সহকারী প্রকৌশলী (RIKM) ওয়ার্কিং গ্রুপ এলজিইডি’র ইন-হাউজ আর্কিটেক্ট এর সাথে আলোচনা করা শোকেসিং প্ল্যান তৈরি করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) কে দেখাবে। মিটিং এর সকল সদস্য একমত পোষণ করেন।	ইনোভেশন টিম ও গঠিত ওয়ার্কিং গ্রুপ

০৪।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, স্মার্ট বাংলাদেশ অর্জনে দ্রুত এবং কম সময়ে বাস্তবায়নযোগ্য একটি উদ্যোগ নেয়ার জন্য 'স্মার্ট কুইক- উইন' শীর্ষক কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ের ন্যাশনাল কমিটিতে সিদ্ধান্ত হয়েছে। এর প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ থেকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কম সময়ে বাস্তবায়নযোগ্য এবং দৃশ্যমান উন্নয়ন নিশ্চিত করতে 'স্মার্ট কুইক উইন' শীর্ষক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানায় এবং এলজিইডিতে এসে এ সংক্রান্ত একটি মিটিং করে এবং সেখানে 'গ্রামীণ অবকাঠামোর মান-উন্নয়নে জনগণের অংশগ্রহণ' শীর্ষক একটি কুইক- উইন স্মার্ট উদ্যোগটি বাস্তবায়নের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত। প্রধানত এটা ফোকাস করেছে এলজিইডি'র মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়নের জন্য LGRD&C মন্ত্রী মহদয়ের ৫১ দফা নির্দেশনাবলী মাঠ পর্যায়ের জনগণকে অবহিতকরণ এবং এলজিইডি'র মাঠ পর্যায়ের কাজের গুনগত মান নিশ্চিতকরণে জনগণকে সম্পৃক্তকরণ, যাতে করে জনগণ এলজিইডি কি ধরণের কাজ করে সেটা সম্পর্কে একটা ধারণা পায় এবং গুনগত মান বজায় রেখে কাজ বাস্তবায়ন হচ্ছে কিনা সেই বিষয়ে পর্যবেক্ষণ ও মতামত জানাতে পারে। সভায় উদ্যোগটি বাস্তবায়নের ব্যাপারে নিম্নবর্ণিত কার্যাবলী গ্রহণের ব্যাপারে আলোচনা হয়ঃ ১। সাইনবোর্ড অথবা QR Code পেস্টিং এর মাধ্যমে ৫১ দফা নির্দেশনাবলী মাঠ পর্যায়ের জনগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ; ২। QR Code এর মাধ্যমে স্কিম সংক্রান্ত তথ্যাবলী জানানো এবং GRS system কে লিঙ্ক করে অভিযোগ ও মতামত জানানোর জন্য সিস্টেম তৈরি করা যেতে পারে; ৩। প্রত্যেক স্কিমের ডিজাইন স্পেসিফিকেশন জানানোর ব্যাপারে কি ধরণের উদ্যোগ নেয়া যেতে পারে সেটা নিয়ে চিন্তা করা প্রয়োজন। এই উদ্যোগটি বাস্তবায়ন করবে এলজিইডি এবং বাস্তবায়নে সহযোগিতা করবে এলজিডি। এছাড়া, উদ্যোগটি বাস্তবায়নে ৫১ দফা নির্দেশনাবলী সম্বলিত ফোল্ডার এলজিইডি'র ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে এবং জনগণের কাছে সহজে পৌঁছানোর জন্য একটি মোবাইল App ভিত্তিক একটি আপ্লিক্যাশন তৈরি করা যেতে পারে। এই উদ্যোগটি বাস্তবায়নে কি ধরণের সাপোর্ট এবং ফান্ড লাগবে সেটার জন্য ব্যাকগ্রাউন্ড এক্সারসাইজ করা প্রয়োজন। এই কাজটি করার জন্য একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা প্রয়োজন এবং নিম্ন বর্ণিত কর্মকর্তাদের নিয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যেতে পারেঃ ক. জনাব প্রশান্ত কবিরাজ- সিস্টেম এনালিস্ট খ. জনাব মোঃ রকিবুল হাসান- সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) গ. জনাব তানভীর রশীদ - সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) ঘ. জনাব মোহাম্মদ শাহীনূর ফেরদৌস- সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) ঙ. জনাব মোহাম্মদ শাহেদ হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, পরিকল্পনা ইউনিট চ. জনাব জিয়াউর রহমান, ওয়েব প্রোগ্রামার, আইসিটি ইউনিট এই ওয়ার্কিং গ্রুপটি উক্ত উদ্যোগটি বাস্তবায়ন করার ব্যাপারে প্ল্যান ও প্রাক্কলন করবে পরবর্তী সভায় উপস্থাপন করবে এবং উদ্যোগটি বাস্তবায়নে আইসিটি সংক্রান্ত সকল সাপোর্ট আইসিটি ইউনিট এবং প্রশাসনিক সংক্রান্ত সকল সাপোর্ট প্রশাসন ইউনিট দিবে। মিটিং এর সকল সদস্য একমত পোষণ করেন।	ইনোভেশন টিম, আইসিটি ইউনিট ও প্রশাসন ইউনিট

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

২৪-০৩-২০২৪
মোঃ জসিম উদ্দিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)
+৮৮০ ২ ৯১২৭১৫৮ (ফোন)
+৮৮০ ২ ৯১২২৪৩৪ (ফ্যাক্স)
planning@lged.gov.bd

তারিখ: ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.১৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (গ্রেড- ১), প্রধান প্রকৌশলীর দপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। (সদয় জ্ঞাতার্থে);

২। পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। (সদয় জ্ঞাতার্থে);

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন এবং শৃঙ্খলা ও তদন্ত), প্রশাসন ইউনিট, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে);
৪। ইনোভেশন টিম, এলজিইডি। (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে);
৫। ইনোভেশন সাব-কমিটি-২০২৩-২৪, এলজিইডি। (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) এবং
৬। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি। (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)।

২৫-০৩-২০২৪
মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী